

নেট থেকে প্রাপ্ত

Nafe
২৫/৮/২০২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 শিক্ষা মন্ত্রণালয়
 মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd
 ঢাকা



জরুরি
 সীমিত

স্মারক নম্বর: ৩৭,০২,০০০০,১০৫,০৬,০০১,২১,৮৫৮

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৮

১৩ আগস্ট ২০২১

বিষয়: ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য এনসিটিবি কর্তৃক প্রণীত ৫ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট
 প্রদান
 সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং শি:শা: ১২২/৯৪/৯৭৮; তারিখ- ৭ জুন ২০২১
 ২. মাউলি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭,০২,০০০০,১০৫,০৬,০০১,২১,৩৯০, ১৩ জুন, ২০২১ এর বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান কোডিড ১৯ অতিমারিয়ার কারণে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম
 ব্যাহত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে
 পুরোপুরি সম্পূর্ণ করা ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনার জন্য প্রণীত অ্যাসাইনমেন্টের কার্যক্রম ১৪/০৬/২০২১স্থি.
 থেকে শুরু হয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য ১৫(পনের) সপ্তাহের
 অ্যাসাইনমেন্ট প্রণয়ন করেছে। এরই অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট গ্রীড অনুযায়ী ৫ম সপ্তাহের জন্য গুচ্ছ ৪ এর জীববিজ্ঞান,
 সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ভূগোল, ফিন্যান্স-ব্যাংকিং ও বিমা, গৃহ ব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন এবং
 ১৪.৮.২১গুচ্ছ ৫ এর উচ্চাঙ্গ সংগীত, উচ্চতর গণিত, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, আরবি, পালি, সংস্কৃত, কৃষিশিক্ষা,
 মনোবিজ্ঞান, পরিসংখ্যান, মৃত্তিকা বিজ্ঞান, প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস, গার্হস্থ্যবিজ্ঞান, চারু
 কারুকলা, শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ বিষয়ের মোট ২০টি (বিশটি) অ্যাসাইনমেন্ট প্রদান করা হলো। ১৬ আগস্ট,
 ২০২১স্থি. সোমবার থেকে এ পর্যায়ের কার্যক্রম শুরু হবে।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে কোডিড ১৯ সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথ প্রতিপালনপূর্বক প্রয়োজনীয়
 ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্ত:

- (১) অ্যাসাইনমেন্ট গ্রীড
- (২) অ্যাসাইনমেন্ট (২০ টি বিষয়)

১৩-৮-২০২১

প্রক্ষেপ মোঃ শাহেদুল খবির চৌধুরী
 পরিচালক